# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫৭৯

পর্ব - ৩ঃ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ কবর ও দাফনের বিবরণ

আরবী

وَلِلْبَيْهَقِيِّ عَنْ جَابِرٍ نَحْوُهُ, وَزَادَ: وَرُفِعَ قَبْرُهُ عَنِ الْأَرْضِ قَدْرَ شِبْرٍ. وَصَحَّحَهُ ابْنُ حِبَّانَ

رواه البيهقي (3/ 407)، وابن حبان (8/ 218/6601) وهو معلول

বাংলা

৫৭৯। বাইহাকীতে জাবির (রাঃ) হতে অনুরূপই হাদীস বর্ণিত হয়েছে এবং তিনি বৃদ্ধি করেছেন: তাঁর কবর যমীন হতে এক বিঘৎ পরিমাণ উচু করা হয়েছিল। —ইবনু হিব্বান একে সহীহ বলেছেন।[1]

## English

Al-Baihaqi transmitted on the authority of Jabir (RAA) a similar narration and added, ‘And his grave was raised one span from the ground.’ Ibn Hibban graded it as Sahih.

ফুটনোট

[1] ইবনু হাজার আসকালানী আত্-তালখীসুল হাবীর (২/৬৯৩) গ্রন্থে বলেন, অন্য একটি মুরসাল সানাদে এ হাদীসটি বর্ণিত হয়েছে যার মধ্যে জাবের নেই। আলবানী ইরওয়াউল গালীল (৭৫৬) গ্রন্থে হাদীসটিকে মুনকার ও যঈফ বলেছেন। বাইহাকী সুনানুল কুবরা (৩/৪১১) গ্রন্থে মুরসাল বলেছেন, শাওকানী নাইলুল আওত্বার (৪/১৩২) গ্রন্থেও অনুরূপ বলেছেন। যাহাবী তানকীহুত তাহকীক (১/৩১৯) গ্রন্থে একে মুনকাতি বলেছেন।

বিন বায বুলুগুল মারামের হাশিয়ায় (৩৬৪) বলেন, হাদীসটি অত্যন্ত দুর্বল আর স্পষ্ট হচ্ছে যে, হাদীসটি জাল। ইবনু হাজার আসকালানী বুলুগুল মারাম (১৬১) গ্রন্থে বলেন হাদীসটি মারফ ও মাওকুফ হিসেবে বর্ণিত। ইবনু

উসাইমীন বুলুগুল মারামের শরাহ (২/৬০৪)তে হাদীসটিকে সহীহ বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70390

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন